বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ব্লক-জি, লেভেল-৬,
৭২ গ্রীনরোড, ঢাকা-১২১৫
ফোন ঃ ০২২২২২৩০০১৫
ই-মেইলঃ director_cpc@yahoo.com

Office of the Superintending Engineer
Contract & Procurement Cell
Pani Bhaban, Block-G, Level-6
72 Green Road, Dhaka-1215
Phone: 02222230015
E-mail: dir.cpc@ bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-৩৫২

তারিখঃ ০৮/১১/২০২১ খ্রিঃ

# সার্কুলার

**বিষয়ঃ পিপিআর-২০০৮ এর বিধি ৫৩ মোতাবেক আদর্শ দরপত্র দলিলে (PW3/ePW3) উল্লেখ থাকা সাপেক্ষে সাব-কনট্রাক্টর নিয়োগ করা প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিপিআর-২০০৮ এর বিধি ৫৩(১) মোতাবেক ক্রয়কারী, আদর্শ দরপত্র বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিলে উল্লিখিত যথাযথ যোগ্যতা থাকার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করা সাপেক্ষে, কোন সরবরাহকারী, ঠিকাদার বা পরামর্শককে সহ-ঠিকাদার (Sub-contractor) বা সহ-পরামর্শক (Sub-consultant) নিয়োগের অনুমতি প্রদান করতে পারবে। পিপিআর-২০০৮ এবং আদর্শ দরপত্র দলিলের (PW3/ePW3) নির্দেশনা অনুযায়ী দরপত্র দাখিলের সময় দরপত্রদাতা কর্তৃক সহ-ঠিকাদার এর তথ্যাদি দরপত্র দলিলে উল্লেখ করতে হবে। উক্তরূপে দাখিলকৃত দরপত্রের ভিত্তিতে সার্বিক মূল্যায়নে বিজয়ী দরদাতার সাথে সম্পাদিত চুক্তিতে সহ-ঠিকাদারের নাম এবং উক্ত সহ-ঠিকাদার কর্তৃক সম্পাদিতব্য কাজের পরিমাণ উল্লেখ থাকবে।

উল্লেখ্য যে, আদর্শ দরপত্র দলিল ePW3 এর ITT 20.1 অনুযায়ী দরপত্রদাতা সহ-ঠিকাদার নিয়োগের প্রস্তাব করতে পারবেন (A Tenderer may intend to subcontract an activity or parts of the works, in which case such elements and the proposed Subcontractor shall be clearly identified) এবং ITT 20.3 অনুযায়ী TDS এ উল্লেখ করা সাপেক্ষে (প্রযোজ্য হলে) ক্রয়কারী nominated Subcontractor(s) নিয়োগ করতে পারবেন (The PE may also select nominated Subcontractor(s) to execute certain specific components of the works and if so, those will be specified in the TDS).

এমতাবস্থায়, পিপিআর-২০০৮ এর বিধি ৫৩ এর আলোকে আদর্শ দরপত্র দলিল ePW3 এর ITT 5 (Eligibility), ITT 20 (Qualification Criteria), GCC 20, GCC 21, GCC 39 এবং Sub-contractor Information Form (e-PW3-3) অনুসরণ করে Sub-Contracting এর সংস্থান করা যেতে পারে। সিপিটিইউ স্মারক নং ২১.০০.০০০০.৩৬৩.২৭.০৯৪.১৯-৪৪ তারিখঃ ১৯/০৯/২০২১ মোতাবেক এরূপ Sub-Contracting চুক্তির আলোকে কার্য সম্পাদনের পর চুক্তিবদ্ধ ঠিকাদারের (Sub-contractor, Nominated Sub-contractor, JV Partner সহ) অনুকূলে ক্রয়কারী কর্তৃক অভিজ্ঞতা সনদ বা Completion Certificate ইস্যু করা যাবে এবং উক্ত অভিজ্ঞতার সনদ পরবর্তীতে দরপত্র মূল্যায়নে বিবেচনা করা যাবে।

০২। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই সার্কুলার জারী করা হলো।

০৮/১১/২০২১
(মোঃ আবু বক্কর সিদ্দিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-৩৫২

তারিখঃ ০৮/১১/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (সকল) ................................................, বাপাউবো।
৩. প্রকল্প পরিচালক (সকল)................................................, বাপাউবো।
৪. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল) ...............................................বাপাউবো।
৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ঢাকা (সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৮. নির্বাহী প্রকৌশলী (সকল) ................................................, বাপাউবো।
৯. দপ্তর কপি।

০৮.১১.২১
(মোঃ হালিম সালেহী)
নির্বাহী প্রকৌশলী (পুর)
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল